দৈনিক ইত্তেফাক

তারিখ ...13 JUL 1990...
পৃষ্ঠা... ২ ...কলাম... ২...

# এইচএসসি পরীক্ষার প্রথমদিনে ৩ সহস্রাধিক বহিষ্কৃত

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (বৃহস্পতিবার) সারাদেশে শান্তিপূর্ণ পরিবেশে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা শুরু হইয়াছে।

প্রথম দিনে বাংলা দুই পত্রের পরীক্ষার সময় চার বোর্ডের কোন কেন্দ্রে তেমন কোন অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায় নাই। তবে অসদুপায় অবলম্বনের অভিযোগে কয়েক হাজার পরীক্ষার্থীকে বহিষ্কারের খবর পাওয়া গিয়াছে। জানা গিয়াছে যে, এইবার পরীক্ষা অনুষ্ঠানে বেশ কড়াকড়ি ব্যবস্থা নেওয়া হইয়াছে।

ঢাকা বোর্ডের কন্ট্রোলরুম সূত্রে জানা যায়, রাত্রি পৌনে দশটা পর্যন্ত বিভিন্ন কেন্দ্র হইতে অসদুপায় অবলম্বনের অভিযোগে মোট ৫ শত ৩৮ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে। ঢাকা নগরীর কয়েকটি কেন্দ্র হইতে বহিষ্কৃতের সংখ্যা ৫ জন।

ঢাকা নগরীর ২৩টি কেন্দ্রে শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়। শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ কয়েকটি পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠানের পরিস্থিতি পরিদর্শন করেন। কোথায়ও কোন অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায় নাই। প্রেসিডেন্টের বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বিষয়ক উপদেষ্টা মনসুর আলী সরকারও নগরীর কয়েকটি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন।

নারায়ণগঞ্জ সংবাদদাতা জানান,

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## এইচএসসি পরীক্ষা

(১ম পৃঃ পর)

এইচ এস সি পরীক্ষার প্রথমদিনে জেলার ৮টি কেন্দ্র হইতে ২ জন ছাত্রীসহ ২৭ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে।

রাত্রি পৌনে ১১টায় কুমিল্লা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের সহিত যোগাযোগ করিয়া জানা যায়, ৪৫টি কেন্দ্র হইতে অসদুপায় অবলম্বনের অভিযোগে মোট ১ হাজার ৭১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে। চারটি কেন্দ্রে অসদুপায় অবলম্বনে সহযোগিতাদান এবং গোলযোগ সৃষ্টির অভিযোগে মোট ২৩ জন বহিরাগতকে গ্রেফতার করা হইয়াছে।

রাত্রি সোয়া দশটায় যশোর বোর্ডের কন্ট্রোলরুমে টেলিফোনে যোগাযোগ করিয়া বিভিন্ন জেলার ২৩টি কেন্দ্র হইতে মোট ১ শত ৯৪ জন পরীক্ষার্থী অসদুপায় অবলম্বনের অভিযোগে বহিষ্কারের খবর জানা সম্ভব হইয়াছে। পরীক্ষা মোটামোটি শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হইয়াছে।

রাজশাহী প্রতিনিধি জানান: এইচএসসি পরীক্ষার প্রথম দিনে ৬৮টি কেন্দ্রে ৮৯৭ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে।

ইত্তেফাক সংবাদদাতাদের প্রেরিত খবরে জানা যায় যে, সারা দেশে গতকাল ৩ সহস্রাধিক পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে।

চট্টগ্রাম: চট্টগ্রাম অফিস জানায়, এইচএসসি পরীক্ষার প্রথম দিনে গতকাল চট্টগ্রামের বিভিন্ন উপজেলা কেন্দ্রে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের জন্য মোট ২৪ জনকে বহিষ্কার করা হয়। তন্মধ্যে মীরেরশ্বরাই-এ ১০ জন, বাঁশখালীতে ৪ জন, আনোয়ারায় ৩ জন, সাতকানিয়ায় ১ জন, হাটহাজারীতে ১ জন, সীতাকুণ্ডতে ৩ জন ও চট্টগ্রামের এমইএস কলেজের ১ জন।

বরিশাল প্রতিনিধি: ৫টি কেন্দ্র হইতে ৭৮ জনকে বহিষ্কার করা হয়। শহরের ৫টি উপকেন্দ্র হইতে ১৭ জন, বাকেরগঞ্জ কেন্দ্র হইতে ১৬ জন, বানারীপাড়া কেন্দ্র হইতে ১৭ জন, ঝালকাঠি কেন্দ্র হইতে ১২ জন ও কাঠালিয়া কেন্দ্র হইতে ১৬ জনকে বহিষ্কার করা হয়।

বগুড়া: ১২টি কেন্দ্র হইতে অসাধুতা অবলম্বনের অভিযোগে মোট ৭ শত ২৬ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে।

পাবনা: ১২টি কেন্দ্রের মধ্যে ১০টি কেন্দ্র হইতে ৯৯ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

কুষ্টিয়া: জেলার ৮টি কেন্দ্রে ২৩৭ জনকে বহিষ্কার করা হয়।

দোহাজারী: গাছবাড়িয়া সরকারী কলেজ কেন্দ্র হইতে ৩ জনকে বহিষ্কার করা হয়।

খুলনা অফিস জানায়, খুলনা জেলা হইতে ৬১ জনকে বহিষ্কার করা হইয়াছে। ইহার মধ্যে খুলনা নগরী হইতে ২৫ জন, তেরখাদা কেন্দ্র হইতে ১৬ জন, ডুমুরিয়া কেন্দ্র হইতে ১১ জন, দিঘলীয়া কেন্দ্র হইতে ৬ জন, বটিয়াঘাটা কেন্দ্র হইতে ২ জন এবং কয়রা কেন্দ্র হইতে ১ জন।

এইচ এস সি পরীক্ষার প্রথম দিনে গতকাল বিভিন্ন কেন্দ্রে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভিযোগে বহু পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয় বলিয়া আমাদের সংবাদদাতাগণ জানাইয়াছেন।

সিরাজগঞ্জ: সিরাজগঞ্জের ৯টি উপজেলার ১১টি কেন্দ্রে পরীক্ষার প্রথম দিনে ১২১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। এই সকল কেন্দ্রে ১৭০ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ গ্রহণ করে নাই।

জামালপুর: ৭টি কেন্দ্র হইতে মোট ১৮২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

চাঁদপুর: ৬টি কেন্দ্র হইতে মোট ১০১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

ব্রাহ্মণবাড়িয়া: ৭টি কেন্দ্রে ১০৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

নরসিংদী: ৭টি কেন্দ্র হইতে ৮২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে।